



যুক্তরাষ্ট্রের সঙ্গে সমঝোতার দ্বারপ্রান্তে ইরান: আরাগচি



ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি। ছবি: সংগৃহীত

ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি বলেছেন, যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের সম্ভাবনা এখন আগের যেকোনো সময়ের চেয়ে বেশি। তার মতে, সবকিছু ঠিক থাকলে আগামী কয়েক দিনের মধ্যেই এ বিষয়ে আনুষ্ঠানিক অগ্রগতি দেখা যেতে পারে।

শুক্রবার (১৩ জুন) ইরানের রাষ্ট্রীয় টেলিভিশনকে দেওয়া সাক্ষাৎকারে আরাগচি বলেন, দুই দেশের মধ্যে চলমান আলোচনা ইতিবাচকভাবে এগোচ্ছে। সমঝোতা স্মারক চূড়ান্ত হলে উভয় দেশ নিজ নিজ অবস্থান থেকে ডিজিটাল স্বাক্ষর করবে এবং পরে আনুষ্ঠানিকভাবে তা প্রকাশ করা হবে।

তিনি জানান, প্রস্তাবিত সমঝোতায় লেবাননসহ অঞ্চলের বিভিন্ন সংঘাতপূর্ণ এলাকায় যুদ্ধ বন্ধের বিষয় রয়েছে। এছাড়া একটি অন্তর্বর্তীকালীন চুক্তি কার্যকর হওয়ার পরই পারমাণবিক ইস্যুতে পরবর্তী আলোচনা শুরু হবে। সম্ভাব্য সমঝোতার অংশ হিসেবে ভবিষ্যতে নতুন কোনো সংঘাতে না জড়ানোর প্রতিশ্রুতিও থাকবে।

আরাগচি আরও বলেন, সমঝোতা স্মারক স্বাক্ষরের পর ৬০ দিনের মধ্যে দ্বিতীয় ধাপের আলোচনা শুরু করার পরিকল্পনা রয়েছে। ওই আলোচনার মাধ্যমে একটি স্থায়ী ও পূর্ণাঙ্গ চুক্তির পথে এগোতে চায় উভয় পক্ষ।

গত ৮ এপ্রিল যুদ্ধবিরতি কার্যকর হওয়ার পর কিছুদিন পরিস্থিতি শান্ত থাকলেও সম্প্রতি আবার উত্তেজনা বেড়েছে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে। দুই পক্ষের পাল্টাপাল্টি হামলার ঘটনাও ঘটেছে। এর মধ্যেই বৃহস্পতিবার রাতে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেওয়ার ইশিয়ারি দেন। তবে কিছুক্ষণ পর তিনি জানান, সম্ভাব্য একটি চুক্তির কারণে তিনি হামলার নির্দেশ দেননি। এরপর থেকেই ওয়াশিংটন ও তেহরানের সম্ভাব্য সমঝোতা নিয়ে নতুন করে আলোচনা শুরু হয়।